জনকণ্ঠ

11 DEC 2006

পৃষ্ঠা ১৬ কলাম ৫

# রাজধানীর সরকারী স্কুলে ভর্তিযুদ্ধ ॥ ফরম বিতরণ শুরু বুধবার, পরীক্ষা ৭ জানুয়ারি থেকে

**মোশতাক আহমেদ ॥** নতুন করে ভাল স্কুল সৃষ্টি না হওয়ায় ঘুরেফিরে রাজধানীর গুটি কয়েক স্কুলের ওপরই চাপ বাড়ছে। ভর্তির ক্ষেত্রে নামীদামী স্কুলেই হচ্ছে মূলত চরম প্রতিদ্বন্দ্বিতা। তীব্র আসন সঙ্কটের কারণে এসব শিক্ষা প্রতিষ্ঠানে একটি আসন দখল করতে শিশুদেরও লড়তে হচ্ছে অনেকটা যুদ্ধের মতো। আবার সুযোগ পেয়েও চড়া বেতন-ফীর কারণে হিমশিম খাচ্ছে অভিভাবকরা। এই অবস্থায় নামীদামী বেসরকারী স্কুলের পাশাপাশি ধনী-গরিব সবার জন্য অনুকূল রাজধানীর চব্বিশ সরকারী স্কুলের প্রথম থেকে নবম শ্রেণীতে ভর্তিযুদ্ধের ফরম বিতরণ শুরু হচ্ছে আগামী ১৩ ডিসেম্বর থেকে। চলবে ২৪ ডিসেম্বর পর্যন্ত। তিনটি গ্রুপে বিভক্ত করে এই চব্বিশ স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৭, ৯ এবং ১১ জানুয়ারি।

গতবারের মতো এবারও প্রথম থেকে নবম শ্রেণীর এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে এক শ' নম্বরের ভিত্তিতে (বাংলা, ইংরেজী ও অঙ্ক)। দু'টি শিফটে অনুষ্ঠিত হবে পরীক্ষা। এর মধ্যে প্রথম থেকে পঞ্চম শ্রেণীর পরীক্ষা শুরু হবে সকাল দশটায় এবং ষষ্ঠ থেকে নবম শ্রেণীর পরীক্ষা শুরু হবে দুপুর একটায়। অবস্থাদৃষ্টে প্রথম ও নবম শ্রেণীর পরীক্ষা অনুষ্ঠিত হলেও মূল প্রতিদ্বন্দ্বিতা হবে প্রথম ও ষষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষায়।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের উপপরিচালক (মাধ্যমিক) মোঃ রেজাউল করিম জনকণ্ঠকে ভর্তি পরীক্ষার তারিখের কথা জানিয়ে বলেন, গতবারের মতোই পরীক্ষা ও যাবতীয় নিয়মকানুন ঠিক থাকবে। শুধু ভর্তি ফরম ফী বিশ টাকা বৃদ্ধি করা হয়েছে।

তিনটি গ্রুপের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের অধীনে কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত হবে ভর্তি পরীক্ষা। প্রতিটি গ্রুপে আটটি করে স্কুল থাকবে। 'ক' গ্রুপের আওতায় থাকবে ঢাকা গভঃ ল্যাবরেটরী হাইস্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাইস্কুল, ইসলামীয়া সরকারী উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা।

'খ' গ্রুপে রয়েছে, মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, গভঃ মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারী উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ (স্কুল সেকশন), ধানমণ্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় এবং

## নামীদামী স্কুলে চাপ বাড়ছেই

ধানমণ্ডি কামরুন্নেসা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়।

'গ' গ্রুপে রয়েছে ধানমণ্ডি গভঃ বয়েজ হাইস্কুল, আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, টিকাটুলী কামরুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয় এবং তেজগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা।

প্রসঙ্গত, গতবার চব্বিশ স্কুলে মোট আট হাজার পাঁচশ একানব্বই আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করেছিল আটত্রিশ হাজার দু'শ' আঠার শিক্ষার্থী। অর্থাৎ গড়ে প্রতি আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করেছে প্রায় পাঁচ ছাত্রছাত্রী। এবার এই প্রতিযোগিতা আরও বাড়বে। ভাল স্কুলের ক্ষেত্রে প্রতিযোগিতা আরও বাড়বে। এবার চব্বিশ স্কুলে মোট সাড়ে আট হাজারের মতো আসন রয়েছে বলে জানা গেছে। রাজধানীতে অর্ধশতাধিক স্কুলে ভর্তি পরীক্ষা হলেও মূলত প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে গুটি কয়েক স্কুলে।